



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কার্যালয়  
ঝিনাইদহ।

স্মারক নং- ৩৮.০১.৪৪০০.০০০.৯৯.০০৯.২০২১-৮৭৯

তারিখঃ

২১ কার্তিক ১৪৩০।

০৬ নভেম্বর ২০২৩।

বিষয়ঃ ঝিনাইদহ জেলাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের ২০২৩ শিক্ষাবর্ষের তৃতীয় প্রান্তিক মূল্যায়নের সময়সূচি।

তারিখ	বার	সময়ঃ সকাল ১০.০০ টা ১২.৩০টা পর্যন্ত		সময়ঃ দুপুর ১.৩০ টা ৪.০০ টা পর্যন্ত	
		শ্রেণি	বিষয়	শ্রেণি	বিষয়
২২/১১/২০২৩	বুধবার	২য় ও ৩য়	ইংরেজি	৪র্থ ও ৫ম	ইংরেজি
২৩/১১/২০২৩	বৃহস্পতিবার	২য় ও ৩য়	বাংলা	৪র্থ ও ৫ম	বাংলা
২৬/১১/২০২৩	রবিবার	২য় ও ৩য়	গণিত	৪র্থ ও ৫ম	গণিত
২৭/১১/২০২৩	সোমবার	২য়	পঃপঃ সমাজ ও বিজ্ঞান	৪র্থ ও ৫ম	বিজ্ঞান
		৩য়	বিজ্ঞান		
২৮/১১/২০২৩	মঙ্গলবার	৩য়	বাংলাদেশ ও বিশ্বপরিচয়	৪র্থ ও ৫ম	বাংলাদেশ ও বিশ্বপরিচয়
২৯/১১/২০২৩	বুধবার	২য় ও ৩য়	ধর্ম ও নৈতিক শিক্ষা	৪র্থ ও ৫ম	ধর্ম ও নৈতিক শিক্ষা
৩০/১১/২০২৩	বৃহস্পতিবার	২য় ও ৩য়	চারুকলা, শারীরিক শিক্ষা ও সংগীত	৪র্থ ও ৫ম	চারুকলা, শারীরিক শিক্ষা ও সংগীত

পরীক্ষা গ্রহণ সংক্রান্ত সাধারণ নির্দেশাবলী :

- প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত নির্দেশনা মোতাবেক প্রত্যেক শ্রেণির প্রতি বিষয়ে পূর্ণমান ১০০ নম্বর ও ২ ঘন্টা ৩০ মিনিট সময় নির্ধারণ পূর্বক ৩য় প্রান্তিক মূল্যায়ন ২০২৩ সম্পন্ন করতে হবে।
- সহকারী উপজেলা শিক্ষা অফিসারের তত্ত্বাবধানে বিদ্যালয়/ক্লাস্টারভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন করে পরীক্ষা গ্রহণ করতে হবে।
- জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ঝিনাইদহ কর্তৃক প্রেরিত রুটিন অনুসরণ করতে হবে। বিশেষ পরিস্থিতির জন্য মূল্যায়নের তারিখ ও সময়সূচি পরিবর্তনের প্রয়োজন হলে উপজেলা শিক্ষা অফিসার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহের সাথে আলোচনা পূর্বক তারিখ ও সময় পুনঃ নির্ধারণ করতে পারবেন।
- মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য শিক্ষার্থী বা অভিভাবকগণের নিকট থেকে কোন প্রকার ফি গ্রহণ করা যাবে না।
- প্রতিটি বিদ্যালয়ের আনুষ্ঠানিক/স্লিপ ফাউ থেকে ব্যয় নির্বাহের মাধ্যমে পরীক্ষার খাতা ও প্রশ্ন শিক্ষার্থীদের সরবরাহ করতে হবে।
- প্রশ্নপত্র কম্পিউটার কম্পোজ করে বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী ফটোকপি করতে হবে।
- প্রাক-প্রাথমিক: শিক্ষক সহায়িকার নির্দেশনা অনুসরণ করে মূল্যায়ন করতে হবে।
- পরিমার্জিত শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) অনুযায়ী ২০২৩ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণিতে শতভাগ ধারাবাহিক মূল্যায়ন করতে হবে। প্রথম শ্রেণিতে কোনরূপ প্রান্তিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।
- ১০ ডিসেম্বর-২০২৩ তারিখের মধ্যে উত্তর পত্র মূল্যায়ণ পূর্বক ফলাফল রেজিস্টারে সংরক্ষণ করে শিক্ষার্থীদের অগ্রগতি প্রতিপাদন পত্র প্রদান করতে হবে।
- প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৩ শিক্ষাবর্ষের মূল্যায়ন নির্দেশিকা অনুসরণ করতে হবে।
- তৃতীয় প্রান্তিক মূল্যায়ণ চলাকালীন প্রাক-প্রাথমিক ও ১ম শ্রেণির পাঠদান কার্যক্রম অব্যাহত থাকবে।

আনন্দ কিশোর সাহা

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

ঝিনাইদহ।

☎০২৪৭৭৭৪৭২৯৯

উপজেলা শিক্ষা অফিসার (সকল)

ঝিনাইদহ জেলা।

স্মারক নং- ৩৮.০১.৪৪০০.০০০.৯৯.০০৯.২০২১-৮৭৯/৯৫৬

তারিখঃ

২১ কার্তিক ১৪৩০।

০৬ নভেম্বর ২০২৩।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ জেলা।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার (সকল), ঝিনাইদহ জেলা।
- ৪। সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল), ঝিনাইদহ জেলা।
- ৫। প্রধান শিক্ষক,..... সপ্রাণি, কালীগঞ্জ/কোটচাঁদপুর/সদর/মহেশপুর/শৈলকুপা/হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
- ৬। অফিস কপি।

আনন্দ কিশোর সাহা

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

ঝিনাইদহ।